সমকাল

3 1 OCT 2013
২ ৭

# গঠন হচ্ছে মাদ্রাসা শিক্ষা অধিদফতর

■ সমকাল প্রতিবেদক

দেশের মাদ্রাসাগুলোর জন্য গঠন করা হচ্ছে পৃথক 'মাদ্রাসা শিক্ষা অধিদফতর'। মাদ্রাসাগুলোর শিক্ষা ব্যবস্থা দেখভাল করা, এমপিওভুক্তি, শিক্ষক নিয়োগ তদারকি, বদলিসহ সব কাজ এ অধিদফতর করবে। বর্তমানে এ কাজ 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর' (মাউশি) করছে। শিগগিরই এ ব্যাপারে আদেশ জারি করবে শিক্ষা মন্ত্রণালয়। এ জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের প্রয়োজনীয় অনুমোদন মিলেছে।

**শিগগিরই আদেশ জারি**

গতকাল বুধবার এ ব্যাপারে জানতে চাইলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সমকালের কাছে এ প্রক্রিয়ার কথা স্বীকার করে বলেন, মাদ্রাসার জন্য আলাদা একটি অধিদফতর গঠন চূড়ান্ত পর্যায়ে। মাদ্রাসাগুলো দেখভালের দায়িত্ব মাউশি থেকে নিয়ে পৃথক এ অধিদফতরে ন্যস্ত করা হবে। এতে দুটি প্রতিষ্ঠানেরই কাজের গতি বাড়বে। পাশাপাশি মাদ্রাসা শিক্ষকদের দীর্ঘদিনের দাবি পূরণ হবে। জানা গেছে, মাদ্রাসা শিক্ষকদের দীর্ঘদিনের দাবি তাদের জন্য একটি পৃথক অধিদফতর প্রতিষ্ঠা করার। তাদের মতে, কারিগরি শিক্ষার মতো মাদ্রাসা শিক্ষাও দেশের শিক্ষা ব্যবস্থার একটি পৃথক ধারা। অথচ কারিগরি শিক্ষা অধিদফতর থাকলেও দেশে কোনো মাদ্রাসা শিক্ষা অধিদফতর নেই।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, শিক্ষা ভবনে এই অধিদফতরের যাত্রা শুরুর সম্ভাবনা রয়েছে। কওমি ধারা বাদে বর্তমানে সারাদেশে প্রায় ১৬ হাজার মাদ্রাসা রয়েছে। এসব মাদ্রাসায় প্রায় ৮৫ শতাংশ শিক্ষক এমপিওভুক্ত। এছাড়া দাখিল ও আলিম পরীক্ষা এবং মাদ্রাসার শিক্ষকদের মনিটর করছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। এতে বেশি কাজের চাপে হিমশিম খাচ্ছে মাদ্রাসা শিক্ষা বোর্ড।

অন্যদিকে, মাদ্রাসা শিক্ষাকে আধুনিকীকরণের পাশাপাশি সরকার চাইছে এ শিক্ষাকে আরও গতিশীল করতে। তবে নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসেবে মাদ্রাসা শিক্ষা বোর্ড এত কাজের চাপ সামাল দিতে পারছে না। এ কারণেই মাদ্রাসা শিক্ষা বিকেন্দ্রীকরণের কাজে হাত দেওয়া হয়েছে।